

## আমার খাতার শেষ তিনটি শাদা পৃষ্ঠা

মহাদেব সাহা

আমার খাতার শেষ তিনটি পৃষ্ঠা বহুদিন শাদা প'ড়ে আছে  
 আজকাল ক'রে চলে গেছে অনেকদিন  
 কিছুই লেখা হয়নি এখানে,  
 লিখতে চেয়েছিলাম আমার শৈশবের স্মপ্তময় কাহিনী  
 সৃতির কৈশোর,  
 লিখবো লিখবো ক'রে খাতার শেষ তিনটি পৃষ্ঠায়  
 কিছুই লেখা হয়নি  
 অথচ কত কিছুইতো লেখার ছিলো  
 আত্মজীবনীর জন্য যথেষ্ট না হলেও  
 নিজের নামধাম পরিচয় লিখেই এমন তিন চার বা ততোধিক  
 পৃষ্ঠা অনায়াসে পূর্ণ করা যেতো  
 খুব সুন্দর ক'রে বড়ো বড়ো অক্ষরে লেখা যেতো নিজের নাম  
 কিন্তু খাতার শেষ তিনটি পৃষ্ঠা এভাবে নষ্ট হোক  
 তা আমি চাইনি  
 খাতার প্রথমদিকে ওসব মানায়  
 নিজের নামই হয়তো অনেকবার অনেকভাবে লেখা যায়,  
 কিন্তু শেষের একটা আলাদা সৌন্দর্য আছে  
 সেখানে আর যা-ই হোক ছেলেমানুষী মানায় না  
 একেকবার ভেবেছি এই পৃষ্ঠাগুলোতে না হয় কোনো  
 কিছু ছবি আঁকবো  
 শাদা পৃষ্ঠায় ছবি আঁকাই কি এতোটা সহজ?  
 শাদা তো নিজেই মস্ত একটা ছবি  
 ছবি আঁকা আর হয়নি, শাদা পৃষ্ঠা শাদাই রয়ে গেছে  
 আগেও যে রঁয়ে যেতো না তা নয়, কিন্তু ইদানিং  
 শাদার পরিমাণটা বেড়েছে  
 শাদা আর কোনোমতেই ভরিয়ে তোলা যাচ্ছে না  
 এই শাদা খাতার মতোই অনেককিছু আজ শাদা, অপূর্ণ  
 জীবনে এখন কেবল শাদা অংশই বাঢ়ছে .....  
 একসময় তাড়া ছিলো, ছুটেছুটি ছিলো  
 আজ বুঝি যা হবার নয় হবে না, ব্যাস  
 অকারণ কোনো ছটফট করা নেই, শাদা আছে থাক।

কখনো ভেবেছি এখানে আমার ব্যর্থতার কথাগুলোই লিখবো  
 শাদা পৃষ্ঠাগুলোর দিকে তাকিয়ে মনে হয়েছে ব্যর্থতার  
 এগুলোইতো শ্রেষ্ঠ নির্দর্শন  
 এই কালির আঁচড়হীন শাদা পৃষ্ঠায় তাই আমি  
 কোনো ব্যর্থতার কথা লিখিনি,  
 কোনো স্বপ্ন বা ভালোবাসার কথা লিখিনি  
 কিংবা কোনো সূর্যস্ত বা সূর্যোদয়ের কথা,  
 শাদা পৃষ্ঠাগুলোর দিকে তাকিয়ে আমার মনে হয়েছে  
 এখানে যতো কথা লেখা আছে কালির অক্ষরে  
 তা কখনোই লেখা যাবে না  
 রাতের সব তারার মতোই আমার না-লেখা প্রতিটি পঙ্ক্তি

আছে এই শাদা পৃষ্ঠার গভীরে।

এই শাদা পৃষ্ঠাগুলো আমার স্বপ্ন,  
আমার ভালোবাসা!  
এসো তোমাকে আমার এই শাদা পৃষ্ঠাগুলো পড়ে শোনাই  
জানি একমাত্র তুমি ছাড়া আর কেউ এর অর্থ বুঝবে না  
কান পেতে শোনো এই শাদা পৃষ্ঠা কি বলে  
কেবল তোমার জন্যই আমার এই শেষ শাদা  
পৃষ্ঠাগুলো রেখেছি।